
011

তারিখ 18 MAR 1988 … …
পৃষ্ঠা … … … 1 কলাম 1 … …

দৈনিক ইত্তেফাক



(১) ঢাকার উইলস লিটল ফ্লাওয়ার স্কুল কেন্দ্র (২) সোনারগাঁয়ের একটি কেন্দ্রে অবাধে নকল (৩) বৈদ্যেরবাজারে একটি কেন্দ্রে পুলিশ নকল সরবরাহকারীদের ধাওয়া করিতেছে (৪) ব্রাহ্মণবাড়িয়ায় দুইজন অন্ধ পরীক্ষার্থী —ইত্তেফাক

# এস এস সি পরীক্ষার প্রথম দিনে শিক্ষকসহ ৬ শতাধিক বহিষ্কার ॥ ১৬ জন গ্রেফতার

(ইত্তেফাক রিপোর্ট)

সারাদেশে ৪টি শিক্ষা বোর্ডের অধীনে ১৯৮৮ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা গতকাল (বৃহস্পতিবার) শুরু হইয়াছে। গতকাল ছিল বাংলা প্রথম ও দ্বিতীয় পত্রের পরীক্ষা। পরীক্ষার প্রথম দিনেই ৪ জন শিক্ষকসহ ৬ শতাধিক পরীক্ষার্থী বহিষ্কৃত হইয়াছে। চুয়াডাঙ্গায় পরীক্ষা কেন্দ্রে হাঙ্গামা দমনে পুলিশ কাঁদানে গ্যাস ও গুলী ছোঁড়ে।

রাজধানীসহ অন্য শহরের কেন্দ্রগুলিতে মোটামুটি স্বাভাবিকভাবে পরীক্ষা অনুষ্ঠিত হইলেও এবার মফস্বলের কেন্দ্রগুলিতে ব্যাপকভাবে নকল হইয়াছে।

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## এস এস সি পরীক্ষা

(১ম পৃঃ পর)

রাত্রি ১০টায় এই রিপোর্ট লেখা পর্যন্ত দেশের প্রায় ৩০টি জেলা হইতে প্রাপ্ত সংবাদ অনুযায়ী বিভিন্ন কেন্দ্র হইতে মোট ৬ শত ৫৩ জন পরীক্ষার্থীকে বহিষ্কারের খবর পাওয়া গিয়াছে। পরীক্ষা কেন্দ্রে ১৪৪ ধারা ভঙ্গের অভিযোগে ১৬ জনকে গ্রেফতার করা হইয়াছে। অসদুপায় অবলম্বনে সহায়তার অভিযোগে ৪ জন শিক্ষককেও বহিষ্কার করা হইয়াছে।

বরগুনার পাথরঘাটা কেন্দ্রের ৩জন শিক্ষককে বহিষ্কার করা হয়। লক্ষ্মীপুরের চন্দ্রগঞ্জ কেন্দ্র হইতে ১ জন শিক্ষককে বহিষ্কার করা হয়। নীলফামারী কেন্দ্রে ৪ জন পরীক্ষার্থীসহ ৭ জনকে গ্রেফতার করা হয়। বন্দর উপজেলায় ২ জনকে গ্রেফতার করা হইয়াছে। কুমিল্লার চান্দিনা কেন্দ্রে নকল সরবরাহের অভিযোগে ৭ জনকে গ্রেফতার করা হয়।

দাউদকান্দি সংবাদদাতা জানাইয়াছেন, সেখানকার কেন্দ্রসমূহে পরীক্ষা গ্রহণকালে বহু অবাঞ্ছিত লোককে ঘুরাফিরা করিতে দেখা যায়। রূপগঞ্জ সংবাদদাতা জানাইয়াছেন, সেখানকার কেন্দ্রসমূহে পরীক্ষার্থীর চাইতে দর্শক ও নকল সরবরাহকারীর সংখ্যা ছিল বেশী। সোনারগাঁয়ের বৈদ্যেরবাজার পাইলট হাইস্কুল কেন্দ্রে খোলাখুলিভাবে নকল হইতে দেখা গিয়াছে।

ফরিদপুরে ৪ জন মহিলাসহ ১৪ জন, কালিয়াকৈরে ৮ জন, নীলফামারীতে ৫৪ জন, কালিগঞ্জে ১ জন, ডোমারে ১০ জন, সৈয়দপুরে ৪ জন, কিশোরগঞ্জে ৩ জন, ডিমলায় ২৩ জন, ব্রাহ্মণবাড়ীয়ায় ১৪ জন, জামালপুরে ৫ জন, নরসিংদীতে [illegible] জন, লক্ষ্মীপুরে ৮২ জন, ঈশ্বরদীতে ৩ জন, চাটমোহরে ২ জন, ভাঙ্গুরায় ২ জন, ভাণ্ডারিয়ায় ৪ জন, মুন্সিগঞ্জে ৩৫ জন, ধামরাইয়ে ১২ জন, মাদারীপুরে ১৭ জন, কোটালীপাড়ায় ৯ জন, বন্দর উপজেলায় ৯ জন, চুয়াডাঙায় ৩৪ জন, চট্টগ্রামে ৪ জন, পাবনায় ৯০ জন, মির্জাগঞ্জে ১২ জন, নওগাঁয় ১৮ জন, জয়পুরহাটে ৩ জন, নাটোরে ২৯ জন, নড়াইলে ২২ জন, কুমিল্লার বিভিন্ন কেন্দ্র হইতে ৩৯ জন এবং খুলনার বিভিন্ন কেন্দ্র হইতে ৩৪ জন, বাগেরহাটে ১০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হইয়াছে।

বাসস জানায়, রাজশাহী বোর্ডের বিভিন্ন কেন্দ্র হইতে ৩ শত ৯৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কারের খবর পাওয়া গিয়াছে।